COAST Trust

# মাসিক সম্প্রীতি

UNHCR
The UN Refugee Agency

ইউএনএইচসিআর এর সহায়তায় কোস্ট ট্রাস্ট কর্তৃক কক্সবাজারের উখিয়া ও টেকনাফের ৪টি ইউনিয়ন-রাজাপালং, পালংখালী, হোয়াইকং ও হ্নীলাসহ সংশ্লিষ্ট ৮টি রোহিঙ্গা ক্যাম্পে পরিচালিত রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'শান্তিপূর্ণ সহাবস্থান' প্রকল্পের কার্যক্রমের মাসিক

১ম বর্ষ, ১০ম সংখ্যা | ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ | অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ

## কক্সবাজারে ছাত্রছাত্রীদের অনুপ্রাণিত করতে বিশেষ 'শিক্ষার্থী সমাবেশ', মানবাধিকার দিবস উদযাপন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান




*বক্তব্য রাখছেন শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মাহবুব আলম তালুকদার।
ছবি তুলেছেনঃ তৌহিদুল আলম।*

কক্সবাজারের উখিয়া ও টেকনাফ উপজেলার ২৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৩০০ শিক্ষার্থীদেরকে যথাযথ কর্মজীবনের লক্ষ্য তৈরি, সেই লক্ষ্যে পৌঁছানোর দিক নির্দেশনা প্রদান এবং নিজের অধিকারের বিষয়ে সচেতন হওয়ার পাশাপাশি অন্যের অধিকারের বিষয়ে শ্রদ্ধাশীল হতে অনুপ্রেরণা প্রদানের লক্ষ্যে ৯ ডিসেম্বর ২০১৯ তারিখে এক বিশেষ শিক্ষার্থী সমাবেশের আয়োজন করা হয়। কোস্ট ট্রাস্ট আয়োজিত 'সবার উপর মানুষ সত্য' শীর্ষক সমাবেশে বক্তাগণ ছাত্রছাত্রীদেরকে দেশপ্রেমিক সু-নাগরিক হওয়ার জন্য সুপরিকল্পিতভাবে কর্মজীবন বাছাই করার পরামর্শ দেন।

বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে কক্সবাজার জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার (এনজিও সেল) জিনাত শহিদ পিংকি'র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার মাহবুব আলম তালুকদার। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার পৌরসভার মেয়র মুজিবর রহমান, উখিয়া উপজেলা পরিষদ চেয়ারম্যান হামিদুল হক চৌধুরী, ইউএনএইচসিআর কক্সবাজার হেড অব অপারেশন মারিন ডিন কাইদুম চাই , জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার কক্সবাজার প্রধান পিটার এংলো, ইউএনওমেনের কক্সবাজার প্রধান ফ্লোরা ম্যাকুলা, ইউএনএফপিএ-এর কক্সবাজার প্রধান রোজলিদা রাফায়েল, কক্সবাজার জেলা মাধ্যমিক শিক্ষক সমিতি'র সভাপতি হোসাইনুল ইসলাম মাতবর, ককক্সবাজার জেলা নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনালের সহকারী পাবলিক প্রসিকিউটর এডভোকেট শাকী এ কাউসার, ভয়েস অব উখিয়ার সম্পাদক নূর মোহাম্মদ শিকদার, উখিয়া প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক কমর উদ্দিন মুকুল, টেকনাফ উপজেলার শিক্ষক সমিতির সভাপতি এম এ মঞ্জুর, উখিয়ার নুরুল ইসলাম চৌধুরী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের ছাত্রী শারমিন সুলতানা প্রিয়া এবং টেকনাফের কাঞ্জরপাড়া উচ্চ বিদ্যালয়ের ছাত্রী সামিরা আক্তার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কোস্ট ট্রাস্টের কক্সবাজার আঞ্চলিক টিম লিডার জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে উপজেলা পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়, পাশাপাশি অধিকার বিষয়ে বিভিন্ন সেশনে অংশগ্রহণকারীদের হাতে বিশেষ প্রশংসাপত্র তুলে দেওয়া হয়।

সমাবেশে সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রের উপর সংক্ষিপ্ত আলোচনা করেন কোস্ট ট্রাস্টের সহকারী পরিচালক **মো. মজিবুল হক মনির**। তিনি উল্লেখ করেন, এই ঘোষণাপত্র আমাদের শেখায় যে, ধর্ম-বর্ণ নির্বিশেষে সব মানুষের সমান অধিকার রয়েছে। একটি শান্তিপূর্ণ সমাজ-রাষ্ট্র-বিশ্ব নিশ্চিত করতে চাইলে সকলের অধিকারের প্রতি অবশ্যই শ্রদ্ধাশীল হতে হবে। স্বাগত বক্তব্যে কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক **রেজাউল করিম চৌধুরী** জানান, কোস্ট ট্রাস্ট গত ৬ মাস ধরে উখিয়া ও টেকনাফের ২৫ টি শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদেরকে অধিকার বিষয়ে সচেতন করতে মানবাধিকার বিষয়ক সেশন, রচনা প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগীতা, উপস্থিত বক্তৃতা, খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করেছে। তাদেরকে উৎসাহিত করা এবং আলোকিত মানুষ হওয়ার স্বপ্ন দেখানোর জন্য পুরস্কার ও সম্মাননাপত্র প্রদান করছি।

উখিয়া ও টেকনাফের দু'জন শিক্ষার্থী যথাক্রমে শারমিন সুলতানা প্রিয়া এবং সামিরা আক্তার বলেন, এ ধরণের প্রতিযোগিতার মাধ্যমে সমসাময়িক বিভিন্ন বিষয়ে তাদের মাঝে জানার আগ্রহ বাড়ছে এবং সৃজনশীলতার বিকাশ ঘটছে। তারা জ্ঞান অর্জন করছে, তাদের মেধা মনন, উপস্থাপনাশৈলী, আত্মবিশ্বাস এবং সর্বোপরি নেতৃত্বের গুণাবলীর বিকাশ ঘটছে।

সমাবেশের পর কক্সবাজারে কর্মরত জাতিসংঘ অঙ্গাসংস্থা খাদ্য ও কৃষি সংস্থার কক্সবাজার প্রধান পিটার এংলো, ইউএনওমেনের কক্সবাজার প্রধান ফ্লোরা ম্যাকুলা, ইউএনএফপিএ-এর কক্সবাজার প্রধান রোজলিদা রাফায়েল, আইওএম কক্সব্যাজার প্রধান ম্যানুয়েল মনিস আলাদা আলাদাভাবে ছাত্রছাত্রীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। ছাত্রছাত্রীরা মূলত তাদের কর্মজীবন, শিক্ষা ব্যবস্থা, সংস্কৃতি, জীবন সংগ্রাম বিষয়ে জানতে চান।

## 'প্রত্যাবাসনের আগ পর্যন্ত উন্নততর ও কার্যকরী রোহিঙ্গা কর্মসূচি বাস্তবায়নে যৌথ উদ্যোগ এবং কক্সবাজারের উন্নয়ন' শীর্ষক আলোচনা সভা




*বক্তব্য রাখছেন এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক, কে এস আব্দুস সালাম।
ছবি তুলেছেনঃ তৌহিদুল আলম।*

জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর এর সহায়তায় এনজিওসংস্থা কোস্ট ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন 'শান্তিপূর্ণ সহাবস্থান প্রকল্পের' উদ্দ্যোগে 'প্রত্যাবাসনের আগ পর্যন্ত উন্নততর ও কার্যকরী রোহিঙ্গা কর্মসূচি বাস্তবায়নে যৌথ উদ্যোগ এবং কক্সবাজারের উন্নয়ন (টুগেদার ফর বেটার রোহিঙ্গা রেসপন্স আনটিল রিপ্রাট্রিয়েশন এন্ড ফ্যাসিলেটেটিং ডেভেলপমেন্ট ইন কক্সবাজার)' শীর্ষক আলোচনা সভা ১৯ ডিসেম্বর ২০১৯ সকাল ১০টায় কক্সবাজারে বেস্ট ওয়েস্টার্ন হেরিটেজ হোটেলের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক **রেজাউল করিম চৌধুরী** এবং কক্সবাজার সিএসও এনজিও ফোরামের কো-চেয়ার, **আবু মোর্শেদ চৌধুরীর** সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক **কে এম আব্দুস সালাম**।

অতিথি হিসেবে এতে আরও উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস এন্ড জাস্টিস'র ব্যারিস্টার মঞ্জুর আহমেদ, নারী পক্ষের শিরীন হক, দুর্যোগ বিশেষজ্ঞ আব্দুল লতিফ খান, দুর্যোগ বিশেষজ্ঞ এবং লেখক গওহর নইম ওয়ারা, আইওএম-এর কক্সবাজার প্রধান ম্যানুয়েল মনিজ পেরেইরা, ইউএনএইচসিআর-এর সিনিয়র অপাররেশন ম্যানেজার হিনাকো টকি, ক্যাম্প ইনচার্জ আবু জাফর

মো. ওবায়দুল্লাহ এবং জেলা প্রশাসক কার্যালয়ের এনজিও বিষয়ক সেলের সহকারী কমিশনার জিন্নাত শহীদ পিংকি। অনুষ্ঠানে বিভিন্ন উপজেলা থেকে আগত উপজেলা চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-সদস্য, শিক্ষক, সাংবাদিক, সুশীল সমাজ প্রতিনিধি বক্তৃতা রাখেন। এতে জাতীয় ও আন্তর্জাতিক এনজিও এবং জাতিসংঘ সংস্থার প্রতিনিধি, ৬টি ক্যাম্পের ইনচার্জও অংশগ্রহণ করেন।

আলোচনা অনুষ্ঠানে বক্তারা বলেন, রোহিঙ্গা সংকট মোকাবেলার কৌশল হিসেবে বিভিন্ন সংস্থা ভিন্ন ভিন্নভাবে স্থানীয়দের সমস্যা, চাহিদা, প্রয়োজন যাচাই করছে, ফলে রোহিঙ্গা আগমণের কারণে কক্সবাজার ক্ষতিগ্রস্ত জনগণ সুষমভাবে পরিচালিত উন্নয়ন কর্মসূচির সুফল পাচ্ছেন না। তাই সবার আগে জেলার সৃষ্ট ঝুঁকিগুলো সংশ্লিষ্ট সকল পক্ষকে যৌথভাবে চিহ্নিত করে সেই লক্ষ্যে একটি সার্বিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। উন্নয়ন পরিকল্পনায় শিক্ষাকে দিতে হবে সর্বোচ্চ অগ্রাধিকার এবং সকল পর্যায়ে স্থানীয় জনগোষ্ঠী এবং স্থানীয় ইউনিয়ন পরিষদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

**কক্সবাজারের ক্ষতি হয় এমন কোন সংবাদ প্রকাশ করা যাবেনা- কর্মশালায় অনলাইন সাংবাদিকদের সিদ্ধান্ত**



*কক্সবাজারে সামাজিক সম্প্রীতির দিকে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক অনলাইন সাংবাদিকদের সঙ্গে কর্মশালায় বক্তব্য রাখছিলেন সুব্রত কুমার চক্রবর্তী ।*
*ছবি তুলেছেনঃ তৌহিদুল আলম।*

ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ট্রাস্ট ২৮-২৯-ডিসেম্বর ২০১৯ তারিখে কক্সবাজার লাইটহাউস ফ্যামিলি রিট্রিট-এ সামাজিক সম্প্রীতির প্রতি গণমাধ্যমের ভূমিকার উপর কক্সবাজারের অনলাইন সাংবাদিকদের সাথে দুই দিনব্যাপী দীর্ঘ কর্মশালার আয়োজন করে। স্থানীয় ও জাতীয় স্তরের বিশেষজ্ঞরা; আক্তার কামাল চৌধুরী, দীন মোহাম্মদ শিবলি, বরকত উল্লাহ মারুফ, গাওহার নঈম ওয়ারা, মুজিবুল হক মুনির প্রতিবেদনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সেশন পরিচালনা করেন। অনলাইন সাংবাদিকদের কর্যক্রম ও ভূমিকা, সাংবাদিকতার নৈতিকতা ও অনলাইন মিডিয়ার চ্যালেঞ্জ, ছবির ব্যবহার ও রাজনীতি, সোশ্যাল মিডিয়া ব্যবহরে নিরাপত্তা, নেগেটিভজম, স্টিমাটিজ, ক্ষমতার ব্যাবহার, মানবাধিকার বিষয়ে আলোচনা, কার্যকর যোগাযোগের জন্য ইমেইল গ্রুপ সৃষ্টি, সাংবাদিকতায় নৈতিকতা, সামাজিক সমস্যা মোকাবেলায় সাংবাদিকদের ভূমিকা, কার্যকর প্রতিবেদন সৃষ্টি, অ্যাকশন ওরিয়েন্টেড ছবি তোলা ও প্রতিবেদন তৈরিতে ছবি ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়। ২৮ জন অনলাইন সাংবাদিকের অংশগ্রহণে দুই দিনব্যাপী কর্মশালা সফলভাবে সম্পন্ন হয়। ইউএনএইচসিআর প্রতিনিধি এই কর্মশালায় অংশগ্রহণ করেন এবং রোহিঙ্গা ইস্যুতে তাদের ভূমিকা তুলে ধরেন।

**আক্তার কামাল চৌধুরী** বলেন, "এমন কোনো প্রতিবেদন তৈরি করা উচিত নয় যাতে কক্সবাজারের ক্ষতি হয়। শুধু ব্যক্তি বা প্রতিষ্ঠান নয়, একটি মিথ্যা খবর গোটা শহরের ক্ষতির কারণ হতে পারে। তাই কোনো খবর প্রকাশের আগে ভবিষ্যতের প্রভাবটা ভাবতে হবে"।

কোস্টের সহঃ পরিচালক **মুজিবুল হক মুনির** বলেন, "কক্সবাজারের মানুষের অধিকার প্রতিষ্ঠা ও স্বার্থ রক্ষায় আমাদের ঐক্যবধ্বভাবে কাজ করা উচিত। সংবাদপত্রের মাধ্যমে আমাদের সমাজের ফুটে উঠে। মিয়ানমারের গণমাধ্যম আমাদের দেশের ছোট্ট একটা নেতিবাচক সংবাদকে বিস্তৃতভাবে উপস্থাপন করে। তাই খবর প্রকাশের সময় আমাদের সতর্ক থাকতে হবে"।

ফিডব্যাক ও লার্নিং শেয়ারিং সেশন চলাকালে ভয়েস অব আমেরিকার জেলা প্রতিনিধি মোয়াজ্জেম হোসেন শাকিল বলেন, "আমি ২০০৪ থেকে অনলাইন মিডিয়া নিয়ে আগ্রহী এবং কাজ করছি যাত দ্রুততারসথে সংবাদ ছড়িয়ে দেওয়া যায়।দেশের পাশাপাশি মায়ানমারে কী চলছে তা আমাদের জানতে হবে। একসাথে কাজ করার মাধ্যমে আমরা আমাদের জ্ঞান ভাগাভাগি করবো"।

**নুরুল আমিন শিকদার** গুরুত্বপূর্ণ কর্মশালার ব্যবস্থা করার জন্য কোস্ট ট্রাস্টেকে ধন্যবাদ জানিয়ে বলেন, "এই ধরনের প্রোগ্রামের ব্যবস্থা করার পাশাপাশি শিক্ষা ও অন্যান্য বিষয় যেমন; শিক্ষকের অভাব, পরিবেশ দুষণ, স্থানীয় এনজিওগুলোর ক্ষমতায়ন ইত্যাদি বিষয়েও আমাদের মনোনিবেশ করতে হবে"

কক্সবাজারের সাংবাদিক ইউনিয়নের সেক্রেটারি **জাহেদ সারোয়ার সোহেল** বলেন, ' ডিজিটাল নিরাপত্তা আইন সম্পর্কে আমাদের জানতে হবে। আমরা কক্সবাজারের মানুষের অধিকার ও বাস্তবতা নিয়ে কাজ করছি। আমরা নিজেদেরকে রোহিঙ্গা সম্প্রদায়ের বিরুদ্ধে উপস্থাপন করা উচিত নয় বরং আমরা নিরপেক্ষ থাকব। এখনি সময় সব বৈষম্যের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার"। তিনি এখানে বলেন, "সাধারণ মানুষের কণ্ঠস্বর ঈশ্বরের কণ্ঠস্বর"। ইউএনএইচসিআর-এর কর্মকর্তা সুব্রত কুমার চক্রবর্তী বলেন, "আমি সব সময় আয়োজক সম্প্রদায়ের উন্নতিসাধনের কথা ভেবেছি, তাই আমি অংশীদার হিসেবে স্থানীয় এনজিও-দের প্রাধান্য দিয়েছি। সব নেতিবাচক ধারণা ভুলে আমরা কক্সবাজারের উন্নতিকল্পে একসাথে কাজ করব"। তিনি সাংবাদিকদের উন্নয়ন বিষয়ে কথা বলার জন্য উখিয়া ও টেকনাফের সাংবাদিকদের সঙ্গে আলাদাভাবে বসবেন বলে কথা দেন।

গাংবাদিকদের মাঝে বই বিতরণ শেষে জাতীয় স্তরের দুর্যোগ বিশেষজ্ঞ **গাওহার নাইম ওয়ারার** সমাপনী বক্তব্যের মাধ্যমে এই কর্মশালা সমাপ্ত হয়।

**২০১৯ খ্রিঃ ডিসেম্বর মাসের কাজের লক্ষ্যমাত্রা ও অর্জনসমূহঃ**

| ক্রম | কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ০১ | মানবাধিকার দিবসকে সামনে রেখে শিক্ষাপ্রতিষ্ঠানে রচনা প্রতিযোগীতা | ২৫ | ২৫ |
| ০২ | কক্সবাজারে ছাত্রছাত্রীদের অনুপ্রাণিত করতে বিশেষ 'শিক্ষার্থী সমাবেশ',মানবাধিকার দিবস উদযাপন ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | ১ | ১ |
| ০৩ | 'প্রত্যাবাসনের আগ পর্যন্ত উন্নততর ও কার্যকরী রোহিঙ্গা কর্মসূচি বাস্তবায়নে যৌথ উদ্যোগ এবং কক্সবাজারের উন্নয়ন' শীর্ষক আলোচনা সভা | ১ | ১ |
| ০৪ | শিক্ষাপ্রতিষ্ঠানে মানবাধিকার ও শান্তিপূর্ণ সহাবস্থান বিষয়ে সেশন | ৬ | ৬ |
| ০৫ | ক্যাম্প পর্যায়ে সেশন | ১২ | ১২ |
| ০৬ | সাংবাদিকদের নিয়ে প্রকল্পের কর্মএলাকা(উখিয়া-টেকনাফ) পরিদর্শন ও সুবিধাভোগীদের সাথে কথা বলা | ২ | ২ |
| ০৭ | অনলাইন সাংবাদিক ও অনলাইন এক্টিভিস্টদের জন্য প্রশিক্ষণ প্রদান | ১ | ১ |

**এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত ও ছবি দিয়ে সহযোগিতা করেছেন 'শান্তিপূর্ণ সহাবস্থান' প্রকল্পের সকল পর্যায়ের সহকমীবৃন্দ।**

**প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্যঃ**

**শান্তিপূর্ণ সহাবস্থান প্রকল্প, কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র**
**ফোনঃ০৩৪১-৬৩১৮৬, ফ্যাক্সঃ০৩৪১-৬৩১৮৯,**
**মোবাইলঃ০১৭১৩-৩২৮৮২৭**

**ই-মেইলঃ**jahangir.coast@gmail.com

**ওয়েবসাইটঃ** www.coastbd.net